# ছোটদের
# ইসলাম শিক্ষা
## ১



বাংলাদেশের সকল কিন্ডারগার্টেন, প্রিপারেটরি স্কুল এবং
মাদরাসাসমূহের প্রথম শ্রেণির ছাত্র-ছাত্রীদের পাঠ্য উপযোগী

# ছোটদের
# ইসলাম শিক্ষা

## ১



আবদুল মান্নান তালিব

এডুকেয়ার পাবলিকেশন্স

www.pathagar.org

ছোটদের ইসলাম শিক্ষা-১
আবদুল মান্নান তালিব

প্রকাশনায় :
এডুকেয়ার পাবলিকেশন্স
৩৩ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন : ০২৯৩৩০০২৩, ০২৪৮৯৫১৫৮৩
মোবাইল : ০১৭৯৯৫২৫৫১৪, ০১৭১০১৪৯৯২৬
ই-মেইল : educarepub18@gmail.com
ওয়েবসাইট: www.educarepub.com

[গ্রন্থস্বত্ব : লেখক কর্তৃক সংরক্ষিত]

প্রথম প্রকাশ : ১৯৮৩ ঈসায়ি
৪৪ তম পুনর্মুদ্রণ : জানুয়ারি-২০২০ ঈসায়ি

ডিজাইন :
মাসুদ রানা

মুদ্রণে :
কোয়ালিটি কেয়ার প্রিন্টিং
নয়াপল্টন, ঢাকা।

মূল্য : ৭৪.০০ টাকা



www.pathagar.org

# প্রকাশকের কথা

সাম্প্রতিক কালে আমাদের দেশে নৈতিক চরিত্রের অবক্ষয় ভয়াবহ আকার ধারণ করেছে। বিশেষ করে ছাত্র ও যুবকদের মধ্যে এ অবক্ষয় প্রকট। এর ফলে সামাজিক সমস্যাও প্রকট হচ্ছে। এর মূল কারণ নৈতিক ও ইসলামী শিক্ষার অনুপস্থিতি বলেই আমরা মনে করি। কিন্তু দুঃখের বিষয় আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় নৈতিক ও ধর্মীয় শিক্ষার তেমন কোন ব্যবস্থা নেই। ফলে শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান থেকে পড়ালেখা করে জ্ঞান অর্জন করে শিক্ষিত হয়ে বের হলেও নৈতিক চরিত্রসম্পন্ন সুনাগরিক হয়ে বের হচ্ছে না। এ অবস্থা থেকে উত্তরণের জন্য এডুকেয়ার পাবলিকেশন্স দীর্ঘদিন থেকে কাজ করে আসছে। এ জন্য এডুকেয়ার পাবলিকেশন্স শিশুদের নৈতিকমান ও ধর্মীয় অনুভূতি সম্পন্ন করে গড়ে তোলার উপযোগী বই-পুস্তক প্রণয়ন ও প্রকাশ করে আসছে। বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ লেখক ও গবেষক মরহুম আবদুল মান্নান তালিব রচিত **"ছোটদের ইসলাম শিক্ষা-১"** বইটি এর মধ্যে অন্যতম। এ বইটির মাধ্যমে কোমলমতি শিশুরা ইসলামের মৌলিক বিষয়গুলো সম্পর্কে স্বচ্ছ ও সঠিক ধারণা লাভ করার সুযোগ পাবে।

এডুকেয়ার পাবলিকেশন্স এর প্রতিষ্ঠাতা পরিচালক, বিশিষ্ট শিক্ষাবিদ শ্রদ্ধেয় মরহুম অধ্যক্ষ মুহাম্মদ আবদুর রব ১৯৮৩ খ্রিষ্টাব্দ থেকেই এ বইটি প্রকাশ করে শিশুদের হাতে তুলে দিয়ে জাতির এক বিরাট খেদমত করেছেন।

বিভিন্ন জন থেকে পরামর্শের আলোকে বর্তমানে বইটিকে আরো পরিমার্জিত ও কলেবর বৃদ্ধি করে উন্নত মানের ছাপায় আকর্ষণীয়ভাবে প্রকাশ করা হয়েছে। বইটি দেশের খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠানসহ বহু শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্য বই হিসেবে পড়ানো হচ্ছে। শিশুদের ইসলাম শেখা ও মেনে চলার ক্ষেত্রে বইটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে আমাদের বিশ্বাস।

**ড. মোঃ ইকবাল হোসাইন ভূঁইয়া**



www.pathagar.org

# শিক্ষকদের জন্য

এ পর্যায়ের শিক্ষার্থীরা হবে একেবারে কচি শিশু। বয়স মাত্র চার কি পাঁচ। কাজেই তাদের শিক্ষাদানের ব্যপারে শিক্ষকদেরকে অত্যন্ত সতর্ক হতে হবে। তাদের মানসিক গঠনের প্রস্তুতি পর্ব এখান থেকেই শুরু। ঈমান ও আকীদার কোন বিষয় যদি শিশুর মানসপটে ছায়াপাত করতে না পারে এবং সংগে সংগে তার মনের গভীরে দাগ কেটে না বসে তাহলে পরবর্তী সময়ে যখন সে একজন বুদ্ধি সচেতন মানুষে পরিণত হয় তখন তার প্রতিটি কাজ-কর্মে, চিন্তা-ভাবনায়, ঈমান ও আকীদায় কোন গভীর প্রভাব দেখা যাবে না। এ সব বিবেচনা করলে এ পর্যায়ের শিশুদের শিক্ষাদানের গুরুত্ব অত্যন্ত বেশী। কচি শিশুদেরকে শিক্ষাদানের সময় শিক্ষকের নিম্নোক্ত বিষয়গুলোর দিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন।

১. শিশুদের মনোজগতে ইসলামের মৌলিক বিশ্বাসগুলো স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করার জন্য কয়েকটি শব্দের মধ্যে ঐ বিশ্বাসগুলোকে ধরে রাখার চেষ্টা করা হয়েছে। যেমন আল্লাহ, রব, মালিক, ইলাহ ইত্যাদি। এগুলোকে এক একটি বাক্যের মধ্যে সাজিয়ে শ্লোগানের আকারে দেয়া হয়েছে। তাই এগুলো শ্লোগানের মত মুখস্থ করা শিশুদের জন্য জরুরী। শিক্ষাদানের বিভিন্ন আধুনিক পদ্ধতি অবলম্বন করে শিক্ষকগণ আকর্ষণীয়ভাবে এগুলো পরিবেশন করবেন। তাতে শিশুরা পাঠ বিষয়ের প্রতি বেশী আকৃষ্ট হবে।

২. পাঁচ থেকে ২১ পৃষ্ঠা পর্যন্ত পাঠগুলো শিশুদেরকে মুখস্থ করাতে হবে। বৎসরকে সুবিধা মতো ভাগ করে বইয়ের পাঠকে ভাগ করে নিতে হবে। বাংলা ভাষা শিক্ষার সাথে যোগাযোগ রেখে পাঠদানে অগ্রসর হতে হবে। কেননা, শিশুর ভাষা-জ্ঞানদানের সাথে পাঠের বিষয়গুলোর কিছুটা সামঞ্জস্য আছে।

৩. ঈমান ও আকীদা সংক্রান্ত বিষয়গুলো পড়ানোর সময় এগুলোকে আকর্ষণীয় করা এবং মনের মেধ্য গেঁথে রাখতে সাহায্য করার জন্য ছোট ছোট গল্প বলা দরকার। পাঠগুলো যেন শুধু মুখস্থ করার নিরস কষ্টে পর্যবসিত না হয়। আবার আরবি পাঠ অংশে ২৫ থেকে ৩২ পৃষ্ঠা পর্যন্ত সমস্ত পাঠ শিশুদেরকে মুখস্থ করাতে হবে।

৪. বইটিতে আরবি ও ইসলামিয়াত একই সংগে শিক্ষাদানের ব্যবস্থা করা হয়েছে।

৫. সর্বোপরি শিক্ষকের আচার-আচরণের প্রভাব ছাত্রদের চরিত্রে প্রতিফলিত হয়ে থাকে। অতএব শিক্ষকগণের এ ব্যাপারে বিশেষ যত্নবান হওয়া প্রয়োজন।



www.pathagar.org

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রথম অধ্যায়

## প্রথম পাঠ

# আল্লাহ



আল্লাহ আমাদের ইলাহ
রব আল্লাহ আমাদের রব
মালিক আল্লাহ আমাদের মালিক
ইলাহ আল্লাহ ছাড়া ইলাহ নেই।



www.pathagar.org

আল্লাহ মানুষ তৈরি করেছেন

আল্লাহ আকাশ তৈরি করেছেন

আল্লাহ গাছপালা তৈরি করেছেন



আল্লাহ পশু-পাখি তৈরি করেছেন

আল্লাহ দুনিয়া তৈরি করেছেন

আল্লাহ সব কিছু তৈরি করেছেন।

আল্লাহ আমাদের ইলাহ


আমরা আল্লাহর বান্দা

আল্লাহ আমাদের রব

আমরা আল্লাহর খলিফা।



www.pathagar.org



আল্লাহ মোদের ইলাহ জেনো
আল্লাহ মোদের প্রভু
আল্লাহ ছাড়া কাউকে মোরা
ভয় করি না কভু।

## অনুশীলনী

১. আমাদের ইলাহ কে?
২. আমাদের মালিক কে?
৩. মানুষকে কে তৈরি করেছেন?
৪. আমরা কার খলিফা?



www.pathagar.org

## দ্বিতীয় পাঠ

# রাসূল



হেরাগুহা

রাসূল — আল্লাহ রাসূল পাঠিয়েছেন
রাসূল মানুষকে সঠিক পথ দেখিয়েছেন।

নবী — আল্লাহ নবী পাঠিয়েছেন
নবী মানুষকে সঠিক পথ দেখিয়েছেন।

রাসূল — সত্য কথা বলেছেন

রাসূল — ভালো কথা বলেছেন।



www.pathagar.org

রাসূল ভালো কাজ করেছেন

রাসূল ভালো কাজ করতে বলেছেন ।

রাসূল আমাদেরকে আল্লাহর কথা বলেছেন

রাসূল আমাদেরকে আল্লাহর পথ দেখিয়েছেন ।



## অনুশীলনী

১. রাসূল মানুষকে কি দেখিয়েছেন?

২. কে নবী পাঠিয়েছেন?

৩. রাসূল কোন কাজ করতে বলেছেন?

৪. আমাদেরকে কে আল্লাহর পথ দেখিয়েছেন?



www.pathagar.org

# মুহাম্মাদ (সা)



মুহাম্মাদ (সা) আল্লাহর রাসূল

মুহাম্মাদ (সা) আমাদের রাসূল

মুহাম্মাদ (সা) আল্লাহর নবী

রাসূল (সা) আমাদের নেতা

মুহাম্মাদ (সা) আমাদের নেতা।



www.pathagar.org

মুহাম্মাদ (সা) মক্কায় জন্মগ্রহণ করেন
তাঁর পিতার নাম আবদুল্লাহ
তাঁর মাতার নাম আমিনা
৬ বছর বয়সে তিনি তাঁর মাকে হারান।

মুহাম্মাদ (সা) চল্লিশ বছর বয়সে নবী হন
তিনি শেষ নবী।

আল্লাহ যাঁকে রাসূল পাঠান
আমরা তাঁকে মানি
তাঁরই পথে চলি মোরা
তাঁকেই নেতা জানি।

## অনুশীলনী

১. আমাদের রাসূল কে?
২. মুহাম্মদ (সা) কোথায় জন্মগ্রহণ করেন?
৩. তাঁর পিতার নাম কি?
৪. তাঁর মাতার নাম কি?
৫. কত বছর বয়সে তিনি নবী হন?



www.pathagar.org

চতুর্থ পাঠ

# কুরআন

কুরআন — কুরআন আল্লাহর কিতাব

কিতাব — আল্লাহর প্রধান কিতাব চারখানা
তাওরাত, যাবুর, ইনজিল, কুরআন ।



কুরআন আল্লাহর বাণী
কুরআনের সব কথা সত্য
কুরআনের সব কথা ভালো
কুরআনের সব কথা মানতে হবে ।




www.pathagar.org

কুরআন আমাদের সঠিক পথ দেখায়
কুরআন আলোর পথ দেখায়।



রাসূল (সা) কুরআন এনেছেন
রাসূল (সা) কুরআন শিখিয়েছেন
রাসূল (সা) কুরআনের পথে চলতে বলেছেন
আমরা কুরআনের পথে চলবো।



কুরআনের আলোকে পথ চলি
সেপথে ভুল নেই
কুরআনের জ্ঞানে মোরা জ্ঞানী হই
সে জ্ঞানের তুল নেই।

## অনুশীলনী

১. প্রধান কিতাব কয়খানা ও কি কি?
২. কুরআন কার বাণী?
৩. কুরআন আমাদের কেমন পথ দেখায়?



www.pathagar.org

# হাদীস




হাদীস রাসূলের বাণী
হাদীস রাসূলের কথা ও কাজের বর্ণনা ।

কুরআন আল্লাহর বাণী
হাদীস রাসূলের বাণী
আমরা কুরআনের পথে চলবো ।


আমরা হাদীসের কথা মানবো
কুরআন আল্লাহর শেষ কিতাব
কুরআনে কোন ভুল নেই
কুরআন ও হাদীস আমাদের জীবন বিধান ।



www.pathagar.org

## সহীহ হাদীস গ্রন্থ ৬ টি

বুখারী, মুসলিম, তিরমিজি, আবু দাউদ
নাসাঈ ও ইবনে মাজাহ্ ।




এসো মোরা কুরআন মানি হাদীস মানি
তার আলোকে গড়ি মোদের জীবন খানি ।

### অনুশীলনী

১. হাদীস কার বাণী?
২. হাদীস কিসের বর্ণনা?
৩. আমাদের জীবন বিধান কি?
৪. সহীহ হাদীস গ্রন্থ কয়টি?



www.pathagar.org

ষষ্ঠ পাঠ

# আখিরাত





| | |
|---|---|
| আখিরাত | দুনিয়ার জীবনের পর আখিরাত |
| কিয়ামত | কিয়ামত শেষ বিচারের দিন |
| বেহেশত | বেহেশত খুব আরামের জায়গা |
| দোযখ | দোযখ ভীষণ কষ্টের জায়গা। |

আখিরাতের জীবনের শেষ নেই
দুনিয়ার জীবন মাত্র কয়েক বছরের
একদিন সবাইকে মরতে হবে
আল্লাহ সবার কাজের বিচার করবেন
এই বিচারের দিনকে কিয়ামত বলে।

ভালো কজের ফলটি ভালো হবে
মন্দের ফল মন্দ ছাড়া আর কি হবে তবে?



www.pathagar.org

দুনিয়ায় যে ভাল কাজ করবে
সে বেহেশত পাবে
সেখানে কেবল সুখ, সুখ আর সুখ
সেখানে সে চিরদিন থাকবে।

দুনিয়ায় যে খারাপ কাজ করবে
আল্লাহ তাকে দোযখে ফেলবেন
দোযখ ভীষণ খারাপ জায়গা
সেখানে মানুষ আগুনে পুড়তে থাকবে চিরকাল
সেখানে কেবল কষ্ট, কষ্ট আর কষ্ট
সে কষ্টের শেষ নেই।

কুরআনের কথা মেনে চললে আখিরাতে হবে সুখী
রাসূলের পথে চললে কেউ হবেনা দুখী।

## অনুশীলনী

১. কিয়ামত কি?
২. বেহেশত কেমন জায়গা?
৩. কে বেহেশত পাবে?
৪. আল্লাহ কাকে দোযখে ফেলবেন?


www.pathagar.org

## সপ্তম পাঠ

# ফেরেশতা

ফেরেশতা — আল্লাহ ফেরেশতাদের তৈরি করেছেন
ফেরেশতারা আল্লাহর হুকুম মেনে চলেন
ফেরেশতা নূরের তৈরি ।

জিবরাঈল — জিবরাঈল বড় ফেরেশতা
জিবরাঈল রাসূলদের নিকট আসতেন
রাসূলদের নিকট আল্লাহর বাণী আনতেন ।

আরও তিনজন বড় ফেরেশতা আছেন ঃ
তাঁরা হলেন — আজরাঈল
মীকাঈল
ইসরাফিল ।

### অনুশীলনী

১. ফেরেশতা কিসের তৈরি?
২. বড় ফেরেশতা কে?
২. প্রধান চারজন ফেরেশতার নাম বল ।



www.pathagar.org

দ্বিতীয় অধ্যায়

প্রথম পাঠ

# কালেমা

## কালেমা তইয়্যিবা





لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

অর্থ ঃ আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আল্লাহর রাসূল ।



www.pathagar.org

# কালেমা শাহাদাত



اَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَاشَرِيْكَ لَهٗ
وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ ঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি এক ও একক তাঁর কোন শরীক নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।

## অনুশীলনী

১. কালিমা তইয়্যিবা মুখস্থ বল।
২. কালিমা তাইয়্যিবার অর্থ বল।
৩. কলিমা শাহাদাত মুখস্থ বল?



www.pathagar.org

দ্বিতীয় পাঠ

# ইসলামী আদাব

## তা'আওউয

اَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অর্থ ঃ আমি অভিশপ্ত শয়তান থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি।



## কাজ শুরু করা

কোন কাজ শুরু করার আগে বলতে হয়

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অর্থ ঃ পরম দয়ালু ও মেহেরবান আল্লাহর নামে শুরু করছি।



www.pathagar.org

## কোন কাজ শেষ করা



কোন কাজ শেষ হয়ে গেলে বলতে হয়

اَلْحَمْدُ لِلّٰهِ

অর্থ ঃ সকল প্রশংসা আল্লাহর জন্য ।

## সালাম করা

মুসলমানের সাথে মুসলমানের দেখা হলে বড় হোক, ছোট হোক, চেনা হোক, অচেনা হোক, সব কথার আগে বলতে হবে

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَ رَحْمَةُ اللّٰهِ

অর্থ ঃ আপনার উপর শান্তি নেমে আসুক ।



## সালামের জবাব দেয়া

কেউ সালাম দিলে তার জবাবে বলতে হবে

وَعَلَيْكُمُ السَّلَامُ وَ رَحْمَةُ اللّٰهِ

অর্থ ঃ আপনার উপরও শান্তি নেমে আসুক ।




www.pathagar.org

# বড়দেরকে মেনে চলা

আল্লাহ ও রাসূলের পরে সবচেয়ে বেশী মানতে হবে আব্বা-আম্মাকে। আল্লাহ নিজেই আব্বা-আম্মার সাথে ভালো ব্যবহার করার হুকুম দিয়েছেন। তাই আব্বা-আম্মার কথা মেনে চলতে হবে। কখনো তাঁদের মনে কষ্ট দেয়া যাবে না। শিক্ষকদের কথাও মেনে চলতে হবে। তাছাড়া বড়দেরকে সম্মান এবং ছোটদেরকে স্নেহ করতে হবে।

# পরিস্কার পরিচ্ছন্নতা



ভোরে আযানের সময় ঘুম থেকে উঠতে হবে। অলস ছেলেমেয়েদের মত বেশী বেলা পর্যন্ত শুয়ে থাকা ভাল নয়। ঘুম থেকে ওঠার পর প্রথমে দু'হাত ভাল করে ধুয়ে নেবে।



www.pathagar.org

তারপর মেসওয়াক দিয়ে ভাল করে দাঁত মেজে মুখ হাত ধুয়ে ফেলবে। সব সময় পরিস্কার কাপড়- চোপড় পরতে হবে। নিজের জামা-কাপড়, বই-খাতা, পেন্সিল-কলম নিজেই জায়গা মত গুছিয়ে রাখবে। এগুলো কখনো এলোমেলো ভাবে রাখা ঠিক নয়।

মাথার চুল মাঝে মাঝে কাটাতে হবে। গোসলের পূর্বে তেল সারা শরীরে মাখতে হবে এবং গোসলের পরে চিরুনি দিয়ে চুল ভাল করে আঁচড়ে নিতে হবে। মাথার চুল উশ্‌কো খুশকো থাকলে দেখতে খুবই খারাপ লাগে। হাত পায়ের নখ সপ্তাহে কমপক্ষে একবার কেটে ফেলবে।

## অনুশীলনী

১. আল্লাহ ও রাসূলের পরে কাকে বেশী মানতে হবে?

২. শিক্ষকদের কথা কি করতে হবে?

৩. বড়দেরকে কি করতে হবে?

৪. ছোটদেরকে কি করতে হবে?

৫. কখন ঘুম থেকে উঠতে হবে?

৬. সব সময় কেমন কাপড়-চোপড় পরতে হবে?



www.pathagar.org

তৃতীয় অধ্যায়

## প্রথম পাঠ

# আরবি অক্ষর শেখো লেখো এবং মুখস্থ করো

| | | | | |
|---|---|---|---|---|
| ج | ث | ت | ب | ا |
| ر | ذ | د | خ | ح |
| ض | ص | ش | س | ز |
| ف | غ | ع | ظ | ط |
| ن | م | ل | ك | ق |
| ي | ء | لا | ه | و |



www.pathagar.org

# আরবি অক্ষর ঠিকমতো সাজিয়ে লেখো এবং মুখস্থ বলো



| | | | | |
|---|---|---|---|---|
| ز | ظ | ص | ت | خ |
| ل | ق | ذ | ر | ف |
| ج | ا | ي | لا | ب |
| ش | ث | ه | غ | ط |
| ح | ن | ع | ض | ء |
| م | ك | د | و | س |



www.pathagar.org

# আরবি শব্দ শেখো

## দ্বিতীয় পাঠ

| | | | |
|---|---|---|---|
| اَللّٰه<br>আল্লাহ |  | رَبّ<br>প্রভু, পালনকর্তা | نَبِى<br>নবী |
| رَسُوْلٌ<br>রাসূল |  | اٰخِرَةٌ<br>আখিরাত, পরকাল | قِيَامَةٌ<br>কিয়ামত |
| اَلْقُرْاٰنُ<br>আল কুরআন |  | جَنَّةٌ<br>জান্নাত, বেহেশত | جَهَنَّمُ<br>জাহান্নাম, দোযখ |
| كِتَابٌ<br>কিতাব, বই |  | ثَوَابٌ<br>পুরস্কার |  |





www.pathagar.org

# তৃতীয় পাঠ

| | | | |
|---|---|---|---|
| عَمٌّ<br>চাচা | خَالٌ<br>মামা, খালু | أُمٌّ<br>মা, আম্মা | اَبٌ<br>আব্বা, পিতা |
| اَخٌ<br>ভাই | أُخْتٌ<br>বোন | عَمَّةٌ<br>ফুফু, চাচী | خَالَةٌ<br>খালা, মামানী |
| جَدٌّ<br>দাদা, নানা | حَدَّةٌ<br>দাদী, নানী | اِنْسَانٌ<br>মানুষ | رَجُلٌ<br>পুরুষ মানুষ |

# চতুর্থ পাঠ

| | | | |
|---|---|---|---|
| بَقَرَةٌ<br>গরু | غَنَمٌ<br>ছাগল | فَرَسٌ<br>ঘোড়া | كَلْبٌ<br>কুকুর |
| عُصْفُوْرٌ<br>চড়ুই পাখি | حَمَامَةٌ<br>কবুতর | دَجَاجَةٌ<br>মুরগী | طَيْرٌ<br>পাখি |



www.pathagar.org

# পঞ্চম পাঠ


رَأسٌ

মাথা



سِنٌّ

দাঁত




عَيْنٌ

চোখ




لِسَانٌ

জিহ্বা




اَنْفٌ

নাক



يَدٌ

হাত



اُذُنٌ

কান




بَطْنٌ

পেট



شَفَةٌ

ঠোঁট



رِجْلٌ

পা





www.pathagar.org

# ষষ্ঠ পাঠ

دَارٌ

বাড়ি



اَنْبَجٌ

আম



بَيْتٌ

ঘর



كَتَلٌ

কাঁঠাল



بَابٌ

দরজা



رُزٌّ

ধান, চাল



حَدِيْقَةٌ

বাগান



بُرٌّ

গম




مَاءٌ

পানি



عَدَسٌ

ডাল





www.pathagar.org

চতুর্থ অধ্যায়

# পাঁচটি সূরা মুখস্থ করো

## سُوْرَةُ الفَاتِحَةِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

أَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِينَ ۝١ الرَّحْمٰنِ الرَّحِيمِ ۝٢

مَالِكِ يَوْمِ الدِّينِ ۝٣ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ۝٤

اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ ۝٥ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ

عَلَيْهِمْ ۝٦ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّيْنَ ۝٧

## سُوْرَةُ اللَّهَبِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

تَبَّتْ يَدَا أَبِيْ لَهَبٍ وَتَبَّ ۝١ مَا أَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۝٢

سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۝٣ وَامْرَأَتُهٗ حَمَّالَةَ الْحَطَبِ ۝٤

فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۝٥



www.pathagar.org

## سُوْرَةُ الإِخْلاَصِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ ۝١ اللّٰهُ الصَّمَدُ ۝٢ لَمْ يَلِدْ ۙ
وَلَمْ يُوْلَدْ ۝٣ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا أَحَدٌ ۝٤

## سُوْرَةُ الْفَلَقِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

قُلْ أَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۝١ مِنْ شَرِّ مَا خَلَقَ ۝٢
وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ ۝٣ وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي
الْعُقَدِ ۝٤ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ۝٥

## سُوْرَةُ النَّاسِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

قُلْ أَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۝١ مَلِكِ النَّاسِ ۝٢ إِلٰهِ النَّاسِ ۝٣
مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ الْخَنَّاسِ ۝٤ الَّذِيْ يُوَسْوِسُ
فِي صُدُوْرِ النَّاسِ ۝٥ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝٦



www.pathagar.org

ছোটদের

# ইসলাম শিক্ষা

১

